

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ দাঁত (ও অন্যান্য) পরিষ্কার করার আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

লজাস্থান

পুরুষের লজ্জাস্থান হল নাভি থেকে নিয়ে হাঁটু পর্যন্ত। এই স্থানকে গুপ্তস্থানও বলা হয়। মানুষের জন্য সে স্থান গুপ্ত রাখা ওয়াজেব। এমনকি একাকী থাকলেও তা প্রকাশ করা বা খুলে রাখা উচিত নয়। তদনুরূপ অপরের ঐ স্থানের দিকে চেয়ে দেখা বৈধ নয়। সামনে কেউ না থাকলেও আল্লাহকে লজ্জা করা ঈমানের অন্যতম পরিচয়। অবশ্য স্ত্রীর কাছে থাকলে সে কথা আলাদা।

রাসুল (ﷺ) বলেন, "(পুরুষের) নাভি থেকে হাঁটু পর্যন্ত স্থান হল লজ্জাস্থান।"[1] উল্লেখ্য যে, নাভির উপরে কাপড় বেঁধে রাখা মুসলিমের কর্তব্য। আর উচিত নয় তার নিচে কাপড় বাঁধা। আর উরুর ব্যাপারে রাসুল (ﷺ) বলেন, "তুমি তোমার উরু খুলে রেখো না এবং কোন জীবিত অথবা মৃতের উরুর দিকে তাকিয়ে দেখো না।"[2]

অন্যত্র বলেন, "তুমি তোমার জাং ঢেকে নাও। কারণ, জাং হল লজ্জাস্থান।"[3]

ফুটনোট

- [1]. হাকেম, সহীহুল জা'মে হা/৫৫৮৩
- [2]. আবূ দাউদ, সহীহুল জা'মে হা/৭৪৪০
- [3]. আহমাদ, আবূ দাউদ, তিরমিয়ী, হাকেম, ইবনে হিববান, সহীহুল জা'মে হা/৭৯০৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=7866

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন